


❖ কার জন্য উৎপাদন করা হবে? অর্থনীতিতে এ সমস্যাটি কিভাবে সমাধান করা হয়।

উ: সমাজে বিভিন্ন শ্রেণির মানুষ থাকে। সকল মানুষের ক্রয় ক্ষমতা এক রকম নয়। ফলে উৎপাদিত দ্রব্য ও সেবা সমাজের বিভিন্ন শ্রেণির ভোক্তা কী পরিমাণ ভোগ করবে তা নির্ধারণ করাও একটি অর্থনৈতিক সমস্যা।

নিম্নে চিত্রের সাহায্যে ব্যাখ্যা করা হলো :



চিত্রে OX অক্ষে ধনী শ্রেণির দ্রব্য এবং OY অক্ষে গরীব শ্রেণির দ্রব্য দেখানো হয়েছে। AD উৎপাদন সম্ভাবনা রেখা। সমাজে যদি ধনী মানুষ বেশি হয়, তবে AD রেখার B বিন্দুতে উৎপাদনের সিদ্ধান্ত গ্রহণ করা হবে। আবার, সমাজে যদি গরীব মানুষ বেশি হয়, তবে AD রেখার C বিন্দুতে উৎপাদন হবে। কারণ B বিন্দুতে অধিক পরিমাণে Y দ্রব্য এবং C বিন্দুতে অধিক পরিমাণে X দ্রব্য উৎপাদিত হয়। এখন উৎপাদনকারী নির্ধারণ করবে সে কোন শ্রেণির জন্য উৎপাদন করবে।